

# অধ্যক্ষের পদত্যাগ দাবিতে ঢাকা সিটি কলেজ শিক্ষার্থীদের বিক্ষোভ

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ঢাকা সিটি কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কাজী নিয়ামুল হকের

পদত্যাগের দাবিতে লাগাতার আন্দোলনের অংশ আজও বিক্ষোভ

করেছে শিক্ষার্থীরা। শুক্রবার (১৮ জুলাই) সকাল থেকে ২৫ ও

২৬তম ব্যাচের শতাধিক শিক্ষার্থী মূল ফটকের সামনে বিক্ষোভে

অংশ নেয়।

এ সময় শিক্ষার্থীদের অধ্যক্ষের স্বৈরতান্ত্রিক শাসনের বিরুদ্ধে

স্লোগান দিয়ে বিক্ষোভ এবং প্রশাসনিক সিভিকেট ভাঙ্গার দাবি

জানিয়ে বিভিন্ন স্লোগান দিতে দেখা যায়।

শিক্ষার্থীদের অভিযোগ, অধ্যক্ষ নিয়ামুল হক কর্তৃত্বাদী মনোভাবে

কলেজ চালাচ্ছেন এবং তার ঘনিষ্ঠ একটি গোষ্ঠী বিভিন্ন প্রশাসনিক

অনিয়মে যুক্ত।

আন্দোলনকারীদের দাবি, আহত শিক্ষার্থীদের ঘটনায় তদন্ত ও  
দোষীদের শাস্তি নিশ্চিত না হওয়া পর্যন্ত তারা শ্রেণি কার্যক্রম  
অভ্যন্তরীণ পরীক্ষা ও ফি প্রদানসহ সব ধরনের একাডেমিক  
কার্যক্রম বর্জন করে আন্দোলন চালিয়ে যাবে।

এমন পরিস্থিতিতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা  
কলেজের চারপাশে সতর্ক অবস্থানে রয়েছেন। এখন পর্যন্ত কোনো  
অপ্রীতিকর ঘটনা না ঘটলেও উত্তেজনা বিরাজ করছে।

প্রসঙ্গত, গত ৮ জুলাই শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে ধাক্কাধাক্কির  
ঘটনায় আহত হন মেহেদী হাসান তানিম ও অপু নামের দুই  
শিক্ষার্থী।

এরপর থেকেই উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। প্রশাসনের পক্ষ থেকে  
একাধিকবার অভ্যন্তরীণ পরীক্ষা ও ভর্তি কার্যক্রম স্থগিত করা হয়।  
এত কিছুর পরেও কলেজ কর্তৃপক্ষ এখনো পর্যন্ত কোনো লিখিত  
বা আনুষ্ঠানিক বক্তব্য দেয়নি।